

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৭০৫

উদয়পুর, ৫ নভেম্বর, ২০২৪

গোমতী জেলাভিত্তিক কলা উৎসবের উদ্বোধন  
এক ভারত শ্রেষ্ঠ ভারত গড়ে তুলতে  
ছাত্রছাত্রীদের প্রতি অর্থমন্ত্রীর আহ্বান

কলা উৎসবের লক্ষ্য ছাত্রছাত্রীদের শৈল্পিক প্রতিভাকে বিকশিত করা এবং লালন করা। কলা উৎসব শিল্প কলা ও সাংস্কৃতিক বৈচিত্র্য অন্বেষণ এবং উদযাপন করার একটি মঞ্চ। আজ উদয়পুরের রাজর্ষি হলে গোমতী জেলাভিত্তিক দু'দিনব্যাপী কলা উৎসবের উদ্বোধন করে একথা বলেন অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। তিনি বলেন, শিক্ষার্থীদের শৈল্পিক প্রতিভা অন্বেষণ, বিকাশ এবং প্রদর্শনের জন্য কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রক এই উদ্যোগ হাতে নিয়েছে। কলা উৎসবের মাধ্যমে ছাত্রছাত্রীরা তাদের সাংস্কৃতিক প্রতিভা তুলে ধরতে পারছে। এক ভারত, শ্রেষ্ঠ ভারত গড়ে তোলার ক্ষেত্রে ছাত্রছাত্রীদের এগিয়ে আসার জন্য অর্থমন্ত্রী আহ্বান জানান। আজকের এই অনুষ্ঠানে প্রধান অতিথি গোমতী জিলা পরিষদের সভাপতি দেবল দেবরায় বলেন, ভারতবর্ষে বিভিন্ন ধরনের সংস্কৃতি বিদ্যমান। সংস্কৃতির বিকাশ ও প্রসারে মাধ্যমিক স্তরের ছাত্রছাত্রীদের যুক্ত করার জন্য দেশব্যাপী এই কলা উৎসবের আয়োজন করা হচ্ছে।

অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন বিধায়ক অভিষেক দেবরায়, বিধায়ক জিতেন্দ্র চন্দ্র মজুমদার, উদয়পুর পুরপরিষদের চেয়ারপার্সন শীতল চন্দ্র মজুমদার প্রমুখ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন উদয়পুর ইংলিশ মিডিয়াম উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের প্রিন্সিপাল সুতপা সূর এবং সভাপতিত্ব করেন জেলা শিক্ষা আধিকারিক বিকাশ নাথ। উল্লেখ্য, জেলার বিভিন্ন বিদ্যালয় থেকে গান, নৃত্য, অঙ্কন, গল্প বলা ইত্যাদি ছয়টি ইভেন্টে ছাত্রছাত্রীরা অংশগ্রহণ করবে। প্রতিটি ইভেন্টে প্রথম স্থানাধিকারী রাজ্যভিত্তিক কলা উৎসবে অংশগ্রহণ করবে।

\*\*\*\*\*